

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২৪, ২০২৪

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৬ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ/২০ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ

নং ১৭.০০.০০০০.০৮৫.৩৮.০০৮.২২-২০২।—বাংলাদেশ নির্বাচন কমিশন ‘স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০’ এর বিধি ৮৬ এ প্রদত্ত ক্ষমতাবলে, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১২ জুন, ২০২৪ তারিখে-১০.০০.০০০০.১২৫.৯৯.০০৩.১৯.৪৪৭ নং স্মারকমূলে জারীকৃত পত্রের পরিপ্রেক্ষিতে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপবিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পর্কের নিমিত্ত নিম্ন তফসিলের ৪নং কলামে বর্ণিত পৌরসভার সাধারণ নির্বাচন ও শূন্যপদে উপ-নির্বাচন উপলক্ষ্যে ৫নং কলামে বর্ণিত ০৭ (সাত) জন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে ভোটগ্রহণের পূর্বের দুইদিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দুইদিন অর্থাৎ ২৪ জুন ২০২৪ তারিখ হতে ২৮ জুন ২০২৪ তারিখ পর্যন্ত মোট ০৫(পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

“তফসিল”

ক্রমঃ	জেলার নাম	উপজেলার নাম	পৌরসভার নাম	বিচারকগণের নাম, পদবি ও কর্মসূল	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১.	নারায়ণগঞ্জ	ঝুপগঞ্জ	কাথওন	জনাব মোঃ হায়দার আলী সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ	মেয়ার, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন

(২০০৬৩)

মূল্য : টাকা ৮.০০

ক্রমঃ	জেলার নাম	উপজেলার নাম	পৌরসভার নাম	বিচারকগণের নাম, পদবি, কর্মসূল	মন্তব্য
২.	বরিশাল	গৌরনদী	গৌরনদী	জনাব রেনেস্বাঁ খান জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বরিশাল	মেয়রের শূন্য পদ
৩.	পাবনা	ভাঙুরা	ভাঙুরা	জনাব মোঃ হাসান আল আজাদ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পাবনা	মেয়রের শূন্য পদ
৪.	রাজবাড়ী	পাংশা	পাংশা	জনাব মোঃ ইকবাল হোসেন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী	০৪ নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলরের শূন্য পদ
৫.	জয়পুরহাট	ক্ষেতলাল	ক্ষেতলাল	জনাব নিশীথ রঞ্জন বিশ্বাস সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট	০১ নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলরের শূন্য পদ
৬.	জামালপুর	মেলান্দহ	মেলান্দহ	জনাব মামুন হাসান খান সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, জামালপুর	০৯ নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলরের শূন্য পদ
৭.	শেরপুর	নকলা	নকলা	জনাব মোঃ ইকবাল মাহমুদ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, শেরপুর	০১ নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলরের শূন্য পদ
মোট				০৭ জন	

২। উল্লিখিত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপ্রাপ্ত দাখিল করতৎ সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে নেয়া হলে তৎমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) এর E-mail address: ds_la@ecs.gov.bd এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন :

“ছক”

জেলার নাম :.....

পৌরসভার নাম :.....

ক্রমঃ	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবহার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হলো।

৫। উক্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। বর্ণিত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। উপরিউক্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত ০২ (দুই) জন সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। বর্ণিত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টি.এ/ডি.এ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আব্দুল্লাহ সালাম

উপসচিব (আইন)।